গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রোগ্রাম শাখা
আইসিটি টাওয়ার (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৬.০০.০০০০.০২৩.১৪.১৯০.১৭-৪০ তারিখঃ ০১/০২/২০১৮ খ্রিঃ

## বিএমসি সভার নোটিশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তাবিত "সদ্য বিলুপ্ত ছিটমহলে আইসিটি প্রশিক্ষণ" শীর্ষক কর্মসূচির উপর **আগামী ০৬/০২/২০১৮ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায়** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (আইসিটি টাওয়ার, ৫ম তলা, ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা) একটি বিএমসি সভা অনুষ্ঠিত হবে।

২। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০২/১৮
(দেবোত্তম সান্যাল)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৮১৮১৬৪৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৫। নিয়ন্ত্রক, কন্ট্রোলার অব সার্টিফায়িং অথরিটি, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৭। উপ-প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৮। উপ-সচিব, বাজেট অধিশাখা-২৫, বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিনিয়র সহকারী প্রধান (প্রোগ্রাম শাখা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও ঢাকা।

**বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে) :**

১। উপ-সচিব (লজিস্টিক সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (আনুমানিক ২৫ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগোযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল)।
৬। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রোগ্রাম শাখা
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

# বিএমসি সভার কার্যপত্র

## (সভার তারিখঃ ০৬/০২/২০১৮ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা)

১। **কর্মসূচির নাম:** সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ কর্মসূচি

২। **বাস্তবায়নকারী সংস্থা:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৩। **কর্মসূচির বাস্তবায়নকাল:** দুই বছর (জুলাই, ২০১৮-জুন, ২০২০)

৪। **প্রাক্কলিত ব্যয়ঃ** ৮২৯.৪৮ লক্ষ টাকা (আট কোটি উনত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার টাকা মাত্র)

৫। **কর্মসূচির উদ্দেশ্য :**

- আইসিটির ব্যবহারিক বিষয়ের উপর হাতে কলমে শিক্ষা।
- যুব সমাজের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ফ্রিল্যান্স আউটসোর্সিং এর জন্য বিশেষ প্রশিক্ষণ এর ব্যবস্থা করা
- সম্পূর্ন জনপদ ই-গভর্ন্যান্স এর আওতায় নিয়ে আসা।
- সরকারী সকল ই সিটিজেন সার্ভিস ব্যবহারের সক্ষমতা নিশ্চিত করা।

৬। **কর্মসূচির যৌক্তিকতা:** স্থানীয় প্রশাসনের রিপোর্ট অনুযায়ী জানা যায় যে, ইতোমধ্যে বাংলাদেশের ভৌগলিক সীমানায় অবস্থিত ভারতের ১১১টি ছিটমহল বাংলাদেশের অন্তর্ভুক্ত হয়েছে। ১১১টি ছিটমহলের মধ্যে লালমনিরহাটে ৫৯টি, পঞ্চগড়ে ৩৬টি, কুড়িগ্রামে ১২টি এবং নীলফামারীতে ৪টি ছিটমহল বাংলাদেশের সংশ্লিষ্ট জেলার প্রশাসনিক আওতাভুক্ত হয়।দেশের আর্থ-সামাজিক উন্নয়নের মূল স্রোতধারায় এ সকল পিছিয়ে পড়া নাগরিকগণকে সম্পৃক্ত করতে বিশেষ উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ২০০৮ সালে ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ঘোষণার পর থেকে বর্তমান ক্ষমতাসীন সরকার দেশে ব্যাপক উন্নয়ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এরফলে ইতোমধ্যে বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। উন্নয়নের এ স্রোতধারার সাথে সাবেক ছিটমহলবাসী বর্তমান বাংলাদেশী নাগরিকগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে আইসিটি মাধ্যমে ব্যাপক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সদ্য বিলুপ্ত এই ছিটমহলগুলোতে ডিজিটাল সেন্টার এর সাহায্যে কমিউনিটি বেইসড সমৃদ্ধি আনয়ন করা সম্ভব। এ প্রোগ্রামের আওতায় উল্লিখিত এলাকাগুলোতে শিক্ষা, স্বাস্থ্য, জীবনযাত্রার উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বেনিফিসিয়ারি সিলেকশনের মাধ্যমে প্রশিক্ষণ এর ব্যবস্থা করা হবে যার মূল লক্ষ্য হলো তথ্য ও প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন এবং জীবনযাত্রার মান বৃদ্ধি করা।

৭। **মোট কর্মসূচি ব্যয়ের অর্থনৈতিক শ্রেনী বিন্যাসঃ**

| অর্থনৈতিক কোড | অর্থনৈতিক গ্রুপ | ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপণ | ৪০.৫০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ৭৬০.৬৬ |
| ৪৮৪২ | কর্মশালা (মোট ৮ টি) | ৮.৩২ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ২০.০০ |
| | **সর্বমোট** | **৮২৯.৪৮** |

৮। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ

**প্রশিক্ষণের স্থান:** সংশ্লিষ্ট জেলার শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ সরকারি অন্যান্য ল্যাব/ভাড়ায় চালিত ল্যাব

**ICT Learning and Troubleshooting**

| কোর্স নং | কোর্সের নাম | পাঠদান সময় (প্রতিদিন ৬ ঘন্টার সেশন, ১২ দিন) | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর যোগ্যতা | মোট প্রশিক্ষণ ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার পরিচিতি | ০৬ ঘন্টা | ৫৫টি (প্রতি ব্যাচে ৩০ জন) | ১৬৫০ | স্বল্পশিক্ষিত অথবা সপ্তম শ্রেনী পাশ পর্যন্ত যে কেউ ট্রেনিং গ্রহণ করতে পারবে। | ৩৮০.৮১ |
| ২ | ওয়ার্ড প্রসেসিং | ১৮ ঘন্টা | | | | |
| ৩ | ইন্টারনেট ব্যবহারবিধি | ১২ ঘন্টা | | | | |
| ৪ | মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন এবং স্প্রেডশীট | ৬ ঘন্টা | | | | |
| ৫ | সফটওয়্যার ইন্সটলেশন | ৬ ঘন্টা | | | | |
| | কম্পিউটার ট্রাবলশ্যুটিং | ২৪ ঘন্টা | | | | |
| | | সর্বমোট= ৭২ ঘণ্টা | | | | |

**Advanced ICT and Basic freelancing**

| কোর্স নং | কোর্সের নাম | পাঠ্যদান সময় (প্রতিদিন ৬ ঘন্টার সেশন, ১৮ দিন) | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর যোগ্যতা | মোট প্রশিক্ষণ ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | এডভান্সড ওয়ার্ড প্রসেসিং | ০৬ ঘন্টা | ৫৫টি (প্রতি ব্যাচে ৩০ জন) | ১৬৫০ | আইটি/আইসিটি বিষয়ে প্রাথমিক জ্ঞান সম্পন্নদেরকে প্রাথমিক বাছাই পরীক্ষার মাধ্যমে মনোনীত করা হবে অথবা ICT Learning and Troubleshooting কোর্সে উত্তীর্ণ হতে হবে। | ৪৪৯.৮৫ |
| ২ | এডভান্সড স্প্রেডশীট | ১৮ ঘন্টা | | | | |
| ৩ | মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন | ০৬ ঘন্টা | | | | |
| ৪ | গ্রাফিক্স ডিজাইন | ৩০ ঘন্টা | | | | |
| ৫ | ওয়েব ডিজাইন | ১৮ ঘন্টা | | | | |
| ৬ | বেসিক ফ্রিল্যান্সিং | ৩০ ঘন্টা | | | | |
| | | মোট= ১০৮ ঘণ্টা | | | | |

**৯। কর্মসূচির আওতায় প্রস্তাবিত পদসমূহঃ**

| ক্র. নং | প্রস্তাবিত পদের নাম | সংখ্যা | প্রস্তাবিত কর্মকর্তার পদবী | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | কোর্স পরিচালক | ১ | এডিসি (আইসিটি)/সংশ্লিষ্ট উপজেলার ইউএনও | কোর্স সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আবশ্যকীয় প্রশাসনিক দায়িত্ব পালন করা। |
| ২ | কোর্স কো-অর্ডিনেটর | ১ | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর | ব্যবহারিক কোর্স সম্পন্ন করতে নির্দেশনা প্রদান। |

আইসিটি অধিদপ্তরের নিজস্ব জনবল হতে কর্মসূচি পরিচালক/সহকারী কর্মসূচি পরিচালকের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হবে।

===০০০===